

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৫ঃ২ঃ(শৃঙ্খলা)/(১৮-১৯)/২০-২১/

তারিখঃ ১২.০৪.২০২১ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ শিপন মিয়া, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (সাময়িক বরখাস্তকৃত), বিকেবি, চৌদ্দশত বোর্ড বাজার শাখা, কিশোরগঞ্জ ইতোপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, মিটামইন শাখায় ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীনে শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ (ক), (খ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও চুরি, আত্মসাত, তহবিল তহরুফ বা প্রতারণামূলক অপরাধের জন্য ৪৬/১৮-১৯ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া অত্র বিভাগের ২৩-০৬-২০১৯ খ্রিঃ তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৫ঃ২ঃ(শৃঙ্খলা)/২০১৮-১৯/৩৮৬৩ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারি করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তবোর্ড নিয়োগ করিয়াছিলেন ;

০২। যেহেতু তদন্তবোর্ড উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তবোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব মোঃ শিপন মিয়া আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) (উ) প্রবিধি মোতাবেক আপনাকে চাকুরি হইতে বরখাস্ত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরি হইতে বরখাস্ত করা হইবে না-এই মর্মে অত্র বিভাগের ০৬-১০-২০২০ খ্রিঃ তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৫ঃ২ঃ(শৃঙ্খলা)/১৮-১৯/২০-২১/১১১৮ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারি করা হইয়াছিল ;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ শিপন মিয়া অত্র বিভাগের ০৬-১০-২০২০ খ্রিঃ তারিখের উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ শিপন মিয়া আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও চুরি, আত্মসাত, তহবিল তহরুফ বা প্রতারণামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরুদণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন ;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ শিপন মিয়া আপনাকে চাকুরি হইতে বরখাস্তের আদেশ দিলেন।

আদেশক্রমে-

জনাব মোঃ শিপন মিয়া (এস-৪৪৫০)
ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (বরখাস্তকৃত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
চৌদ্দশত বোর্ড বাজার শাখা, কিশোরগঞ্জ।


স্বাক্ষরিত
(মোঃ আব্দুর রউফ)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৫ঃ২ঃ(শৃঙ্খলা)/(১৮-১৯)/২০-২১/ ২৩৩০ (৩)

তারিখঃ ১২.০৪.২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো। শাখা কর্তৃক সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণের বিষয়টি তদারকির জন্য সদয় অনুরোধ করা হলো।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংক বাংলাদেশ ব্যাংকের Corporate Memory Management System (CMMS) এ ইনপুট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ।
- ০৮। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কিশোরগঞ্জ। শাখা কর্তৃক সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, কিশোরগঞ্জ।
- ১০। ব্যবস্থাপক, বিকেবি, মিটামইন শাখা, কিশোরগঞ্জ। অভিযোগ সংশ্লিষ্ট অনাদায়ী টাকা আদায়ের লক্ষ্যে অভিযুক্ত জনাব মোঃ শিপন মিয়ার বিরুদ্ধে দেওয়ানী আদালতে সিভিল স্যুট (মানি স্যুট) মামলা দায়ের করার যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ১১। ব্যবস্থাপক, বিকেবি, চৌদ্দশতবোর্ড শাখা, কিশোরগঞ্জ। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ শিপন মিয়া এর নিকট প্রাপ্তিস্বীকার রসিদ মারফত হস্তান্তর করতঃ রসিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১২। নথি/ মহানথি/মূলনথি।


(এলিজা জামান সৃষ্টি)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা